ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]

১.▶ মুহিব বিশ্বাস করে যে অর্থনৈতিক কার্যকলাপের মধ্যে ব্যবসায় অন্যতম। তাই তিনি গার্মেন্টস ব্যবসায় নিয়োজিত হন। যুগের সাথে তাল মিলিয়ে তিনি বিভিন্নমুখী পোশাক উৎপাদন করেন। দেশীয় চাহিদা পূরণের পর তিনি বিদেশে পোশাক রপ্তানি করতে গিয়ে আর্থিক সংকটে পড়েন। এমতাবস্থায় তিনি একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করে সমস্যা সমাধান করেন।

ক. বাণিজ্য কী ১
খ. মানুষ অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োজিত হয় কেন? ২
গ. মি. মুহিবের মতো তুমি কীভাবে একটি বস্ত্র প্রতিষ্ঠান গড়ে তুলতে পার লিখ। ৩
ঘ. জনাব মুহিব ব্যবসায় স্থাপনের ফলে যেসব অর্থনৈতিক উদ্দেশ্য সাধিত হয়েছে তা বিশ্লেষণ করো। ৪

২.▶ জনাব রহমান একজন শিক্ষিত বেকার যুবক। তিনি চাকরির চেষ্টা করে ব্যর্থ হয়েছেন। অবশেষে ব্যবসা করার সিদ্ধান্ত নিলেন। ব্যাংক থেকে ঋণ নিয়ে ছোট পরিসরে ব্যবসা শুরু করলেন। প্রথম দিকে তার ব্যবসায় লোকসান ও পরিচালনাগত বিভিন্ন সমস্যা থাকলেও বর্তমানে তার ব্যবসায় লাভজনক অবস্থায় আছে।

ক. সফল উদ্যোক্তা কিসের মাধ্যমে সিদ্ধান্ত নেন? ১
খ. ঝুঁকি বিষয়টি ব্যাখ্যা করো। ২
গ. রহমান সাহেবের মতো নতুন উদ্যোক্তা ব্যবসায় পরিচালনা করতে গিয়ে সাধারণত কী কী সমস্যার সম্মুখীন হন? ৩
ঘ. ব্যবসায়টি লাভজনক করতে গিয়ে কী কী পদক্ষেপ গ্রহণ করা উচিত? ব্যাখ্যা করো। ৪

৩.▶ কর্মীর দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সুষ্ঠুভাবে ব্যবসায় প্রতিষ্ঠানের কার্যনির্বাহের জন্য প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। প্রশিক্ষণ হলো সর্বস্তরের কর্মীদের অবিরাম ও নিয়মিত প্রচেষ্টা। নতুন এবং পুরনো সব উদ্যোক্তা এবং কর্মীকে উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তুলতে হবে।

ক. প্রশিক্ষণ কী? ১
খ. মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের কার্যক্রম ব্যাখ্যা করো। ২
গ. 'প্রশিক্ষণ হলো সর্বস্তরের কর্মীর জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি এবং মানসিকতা বিকাশের অবিরাম ও নিয়মিত প্রচেষ্টা'- ব্যাখ্যা করো। ৩
ঘ. 'প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নতুন ও পুরনো সব উদ্যোক্তা এবং কর্মীদের জন্য অপরিহার্য'- বিশ্লেষণ করো। ৪

ব্যবসায় উদ্যোগ

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.▶ জনাব নজরুল নিজের ব্যবসায় সক্ষমতা যাচাইয়ের মাধ্যমে আকর্ষণীয় বাজার ও ব্যবসায়ের ভবিষ্যৎ সম্ভাবনার কথা মাথায় রেখে একটি ব্যবসায় প্রতিষ্ঠান গড়ে তোলেন। তার ভবিষ্যৎ চিন্তা-ভাবনা ব্যবসায় পরিচালনা সহজ করেছে এবং তিনি ব্যবসায়ে দিন দিন উন্নতি লাভ করেছেন।

ক. ব্যবসায়ীর দিকনির্দেশক দলিল কোনটি? ১
খ. পণ্য ধারণা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. মি. নজরুলের নিজের ব্যবসায় সক্ষমতা যাচাইয়ের প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ৩
ঘ. মি. নজরুলের ব্যবসায়ের সাফল্যের নীল নকশাটি বিশ্লেষণ করো। ৪

২.▶ ময়মনসিংহের শরিফ গ্রামের হাট থেকে সবজি কিনে জেলা সদরে নিয়ে ভ্যানগাড়িতে বিক্রয় করে। সে যেমন কম দামে ক্রয় করে তেমনি কম লাভে বিক্রি করে। সে এখন দেখছে বড় ব্যবসায়ীরা বড় রাস্তার পাশে সবজি নিয়ে বসে থাকে। শরিফের মতো ব্যবসায়ীরা পণ্য কিনে এদের নিকট বিক্রয় করে। পরে বড় ট্রাকে সবজি ভরে ঐ ব্যবসায়ীরা ঢাকার আড়তে পাঠায়। সে শুনেছে, সেখান থেকে আবার তার মতো ছোট ব্যবসায়ীরা কিনে ক্রেতাদের নিকট বিক্রয় করে। তবে সে যেমন দামে বিক্রয় করে তার চেয়ে অনেক বেশি দামে সেখানে সবজি বিক্রয় হয়।

ক. সরাসরি বিপণন কী? ১
খ. বিক্রয়িকতা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো। ২
গ. শরিফ কোন ধরনের বিক্রেতা তা ব্যাখ্যা করো। ৩
ঘ. শরিফ কম দামে সবজি বিক্রয় করলেও ঢাকায় তার মতো ব্যবসায়ীরা বেশি দামে সবজি বিক্রি করার কারণ বিশ্লেষণ করো। ৪

৩.▶ বিথী পরিবারের আর্থিক অবস্থা বিবেচনা করে একটি মুরগির খামার স্থাপন করে। ঐ খামারে সে কঠোর পরিশ্রম করে। সে কখনো ওজনে কম দেয় না এবং রোগে আক্রান্ত মুরগি বিক্রি করে না। ফলে সে গ্রাহকের বিশ্বাস অর্জন করতে পারে। এছাড়া সে তার খামারের বর্জ্য ও মৃত মুরগি মাটির নিচে চাপা দিয়ে রাখে। ফলে পরিবেশ দূষিত হয় না। এছাড়াও সে খামারে ৩ জন লোকের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে।

ক. Ethos শব্দটি কোন ভাষার শব্দ? ১
খ. শ্রমিককে ব্যবসায়ের প্রাণ বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. কীভাবে বীথি গ্রাহকের আস্থা অর্জন করেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. সামাজিক দায়িত্ব পালনে বিথীর ভূমিকা মূল্যায়ন করো। ৪

৪.▶ রসুলপুর গ্রামের আরিফ বিমা পলিসি গ্রহণ করার এক বৎসর পর মৃত্যুবরণ করেন। বিমা কোম্পানি মনোনীত ব্যক্তি হিসেবে তার স্ত্রীকে পাঁচ লক্ষ টাকা প্রদান করে। এ ঘটনার পর রসুলপুর এবং তার আশে পাশের গ্রামের লোকজন ব্যাপক হারে বিমা পলিসি গ্রহণ করে। বিমা প্রিমিয়াম জমা দেয়ার জন্য জনগণ তাদের অপ্রয়োজনীয় খরচসমূহ পরিত্যাগ করে। ফলে স্থানীয় বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য কমে যায়।

ক. বিএসটিআই-এর পূর্ণরূপ কী? ১

খ. বিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. আরিফের গৃহীত বিমা পলিসিটি কোন ধরনের বিমা? ব্যাখ্যা করো। ৩

ঘ. রসুলপুরের স্থানীয় বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য কমে যাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৫.▶ রাশেদা বেগম একজন আত্মপ্রত্যয়ী নারী উদ্যোক্তা। এইচএসসি পাস করার পর তার ব্যবসায়িক চিন্তা মাথায় আসে। মায়ের অনুপ্রেরণায় যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ব্লক-বাটিক ও এমব্রয়ডারির ওপর প্রশিক্ষণ নেয়ার পর মাত্র দশ হাজার টাকা পুঁজি নিয়ে কাজ শুরু করেন। এরপর আর তাকে পিছনে তাকাতে হয়নি। বর্তমানে তার কাপড় দেশের বিভাগীয় শহরের বড় বড় শপিং মলে বিক্রি হচ্ছে।

ক. প্রত্যাশিত মুনাফার চেয়ে প্রকৃত মুনাফা কম হওয়া কোন ধরনের ঝুঁকি? ১

খ. উদ্যোক্তার ব্যর্থতা থেকে শিক্ষা গ্রহণের মানসিকতা কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. একজন সফল উদ্যোক্তার গুণাবলির সঙ্গে রাশেদা বেগমের কোন গুণগুলোর মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্যোক্তা হিসেবে রাশেদা বেগম কতটুকু সফলতা অর্জন করতে পেরেছে তা পর্যালোচনা করো। ৪

৬.▶ জনাব মাহবুব কক্সবাজারে 'মাহবুব সল্ট ইন্ডাস্ট্রিজ লি.' নামে একটি লবণ প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন করেন। তার জমি ও কারখানা ভবন ব্যতিরেকে অন্যান্য স্থায়ী সম্পদের মূল্য ১ কোটি টাকা। মোট ২৭ জন শ্রমিক তার প্রতিষ্ঠানে কাজ করে।

ক. কুটির শিল্প আমাদের কিসের প্রতীক? ১

খ. পরিবারের সদস্যদের নিয়ে গঠিত শিল্পটি সম্পর্কে ব্যাখ্যা করো। ২

গ. মাহবুব সাহেবের ব্যবসায়টি যে শিল্পের অন্তর্গত তা ব্যাখ্যা করো। ৩

ঘ. শিল্পটি স্থাপনে জনাব মাহবুবের কক্সবাজারকে নির্বাচন করার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

ব্যবসায় আরও সম্প্রসারণে তিনি একটি ব্যাংকের শরণাপন্ন হয়েছেন।

ক. অর্থনৈতিক পরিবেশ কী? ১

খ. ব্যবসায়ের সফলতায় নৈতিকতা গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. মি. রবিউল রাজশাহীতে সিল্ক শাড়ি ব্যবসায় স্থাপনে কোন পরিবেশের উপাদানের ওপর গুরুত্বারোপ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. রবিউলের ব্যবসায় সম্প্রসারণে ব্যাংক কী ভূমিকা রাখতে পারে? মূল্যায়ন করো। ৪

১১. ► সিলেটের ওয়াসিম সামাদ ছোটবেলা থেকে স্বপ্ন দেখতো তার নাম সারাদেশ তথা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়বে। কলেজে থাকাকালীন সময় থেকেই সে একটি বেসরকারি প্রতিষ্ঠান 'সারা'-এর আর্থিক সহযোগিতায় কেমিক্যাল জাতীয় কিছু পদার্থ সংগ্রহ করে চা পাতার ওপর গবেষণা চালায়। প্রায় পাঁচ বছর গবেষণার পর সে একটি ঔষধ আবিষ্কার করলো যেটি ব্যবহারে চা গাছের ফলন দ্রুত হয় এবং চা গাছের রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ে। তার আবিষ্কারের জন্য আজ সে সারা বিশ্বব্যাপী পরিচিত।

ক. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড কত সালে চালু হয়? ১

খ. উদ্যোক্তাদের এসএমই ফাউন্ডেশনের পুরস্কার দেয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. কোন গুণটির কারণে ওয়াসিম সামাদ আজ সারা বিশ্বে পরিচিত? ব্যাখ্যা করো।৩

ঘ. ওয়াসিম সামাদের সফলতায় 'সারা' প্রতিষ্ঠানের অবদান মূল্যায়ন করো।৪

http://bdlearn24.net/

ব্যবসায় উদ্যোগ

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট | পূর্ণমান — ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. উন্নত জেলা কোনটি?
ক কিশোরগঞ্জ খ খাগড়াছড়ি
গ লক্ষ্মীপুর ঘ সুনামগঞ্জ

২. কোনটি তাঁত ও বস্ত্র শিল্পের অন্তর্গত?
ক মাদুর খ সতরঞ্জি
গ শোপিস ঘ ওয়ালম্যাট

৩. বাংলাদেশের সম্ভাবনাময় বৃহৎ শিল্প কোনটি?
ক প্লাস্টিক কারখানা
খ অটোমোবাইল
গ ঔষধ তৈরির কারখানা
ঘ বিভিন্ন ধরনের হিমাগার

৪. যেকোনো উদ্যোক্তার জন্য টার্নিং পয়েন্ট কোনটি?
ক মূলধন যোগান
খ সঠিক প্রকল্প চিহ্নিতকরণ
গ কর্মচারী নিয়োগ
ঘ সরকারি সহায়তা

৫. আত্মকর্মসংস্থান বেছে নেয়ার পূর্বে কোনটি নির্ধারণ আবশ্যক?
ক নিজের লক্ষ্য খ স্থান
গ মুনাফা ঘ অর্থায়ন

৬. কোনটির মাধ্যমে ব্যবসায়ের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করা সম্ভব?
ক সময়োপযোগী পদক্ষেপের মাধ্যমে
খ পেশাগত অভিজ্ঞতার মাধ্যমে
গ প্রশিক্ষণের মাধ্যমে
ঘ কৌশল ও দক্ষতার মাধ্যমে

উদ্দীপকটি পড়ো এবং ৭ নং প্রশ্নের উত্তর দাও।
মিস রাশিদা বেগম ৩ মাসের দর্জি প্রশিক্ষণ শেষ করলে সেলাই মেশিন কিনতে চান।

৭. এক্ষেত্রে মিস রাশিদা বেগম কোন প্রতিষ্ঠান থেকে ঋণ পেতে পারেন?
ক মহিলা বিষয়ক মন্ত্রণালয়
খ গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান প্রকল্প
গ বাংলাদেশ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান
ঘ যুব প্রশিক্ষণ কেন্দ্র

৮. জাপানের তৈরি ইলেকট্রনিক্স সামগ্রী আমরা কিসের ফলে ব্যবহার করতে পারছি?
ক পরিবহনের খ ক্রয়ের
গ বিক্রয়ের ঘ সৌহার্দ্যপূর্ণ সম্পর্কে

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।
গঞ্জে শামসু মিয়ার দোকান। শহর থেকে পণ্য কিনে আনে আবার উৎপাদনকারীরা গাড়িতে করে সরাসরি মাল দিয়ে যায়। সে ন্যায্যমূল্যে পণ্য বিক্রয় করে। তার এ ধরনের ব্যবসায় ছোট হলেও সমাজের মানুষদের সেবা দিয়ে চলেছে।

৯. শামসু মিয়া কোন ধরনের মধ্যস্থব্যবসায়ী?
ক খুচরা ব্যবসায়ী খ পাইকার
গ ডিলার ঘ প্রতিনিধি

১০. শামসু মিয়া সমাজকে যে ধরনের সেবা দিচ্ছে তা হলো—
i. প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করছে
ii. নতুন পণ্য এনে ভোগের সুযোগ দিচ্ছে
iii. অনেককে বিনা পয়সায় পণ্য সরবরাহ করছে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. কোনটি দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ভূমিকা রাখে?
ক ব্যবসা-বাণিজ্য খ সমাজ ব্যবস্থা
গ পরিবহন ঘ সভ্যতা

১২. পরিবেশ দ্বারা প্রভাবিত হয়—
i. মানুষের জীবনধারা
ii. সংস্কৃতি iii. অর্থনীতি
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
রহিম ও রাম একটি কোম্পানি নিবন্ধনের জন্য আবেদন করেন। অপরদিকে রাজিব ও তার ৬ বন্ধু মিলে আর একটি কোম্পানি গঠনের উদ্দেশ্যে নিবন্ধনের জন্য আবেদন করেন। নিবন্ধনপত্র পাওয়ার পর রহিম ও রাম ব্যবসায় শুরু করলেও রাজিব ও তার ৬ বন্ধু ব্যবসায়িক কার্যক্রম শুরু করতে পারছেন না।

১৩. রহিম ও রামের ব্যবসায়টি কোন ধরনের?
ক অংশীদারি
খ প্রাইভেট লি. কোম্পানি
গ পাবলিক লি. কোম্পানি
ঘ সমবায়

১৪. রাজিব ও তার ৬ বন্ধুর ব্যবসায়টি কাজ শুরু করতে না পারার কারণ—
i. এটি প্রাইভেট লি. কোম্পানি
ii. এটি পাবলিক লি. কোম্পানি

http://bdloan24.net/

iii. কার্যারম্ভের অনুমতিপত্র সংগ্রহ করতে না পারা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. পৌর এলাকার বাইরে একমালিকানা ব্যবসায় গঠন করতে কোথা থেকে ট্রেড লাইসেন্স নিতে হয়?

ক বিসিক শিল্প নগরী খ ইউনিয়ন পরিষদ

গ জেলা প্রশাসন ঘ পৌরসভা

১৬. মনন ও মেধা দ্বারা সৃষ্ট কাজকে কী বলে?

ক সৃজনশীলতা খ আবিষ্কার

গ উদ্ভাবন ঘ মেধাসম্পদ

১৭. প্রেষণার ফলে কর্মীরা আগ্রহ নিয়ে—

i. দায়িত্ব পালনে উদ্বুদ্ধ হয়

ii. সর্বাধিক দক্ষতা প্রদর্শন করতে পারে

iii. মানসম্মত কাজ সম্পাদনে সক্ষম হয়

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. পরিকল্পনাকে তুলনা করা হয় কী হিসেবে?

ক নীল নকশা খ ধারণা

গ নীতি ঘ প্রয়োগ

১৯. কোনটির ফলে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জন সহজতর হয়?

ক প্রেষণা খ সংগঠিতকরণ

গ নেতৃত্ব দান ঘ নিয়ন্ত্রণ

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।

রিয়াদ পণ্যদ্রব্যের গুণাগুণ সম্পর্কে মিথ্যা ও অতিরিক্ত কথা বলে পণ্য বিক্রি করে। তার এ অনৈতিকতার কারণে মানুষ তার দোকান থেকে পণ্য ক্রয় বন্ধ করে দিয়েছে। রিয়াদের বন্ধু তাকে পণ্য সম্পর্কে সত্য কথা বলে পণ্য বিক্রয়ের পরামর্শ দেয়।

২০. রিয়াদের বন্ধু রিয়াদকে কী বিষয়ে পরামর্শ দেয়?

ক আদর্শ খ মূল্যবোধ

গ নৈতিকতা ঘ সততা

২১. রিয়াদ বিক্রয় বৃদ্ধি করতে পারে—

i. সত্য কথা বলে

ii. ওজনে বেশি দিয়ে

iii. মানসম্মত পণ্য বিক্রি করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

২২. যেকোনো ব্যবসায়ী কোনটির অভাবে ভালো-মন্দের পার্থক্য নির্ণয় করতে অপারগ হয়?

ক সততা খ পরিশ্রম

গ অধ্যয়ন ঘ মূল্যবোধ

২৩. উদ্যোক্তা চ্যালেঞ্জমূলক কাজ করতে বিশেষ আনন্দ পান কেন?

ক সীমিত সাফল্য অর্জন করা যায়

খ অধিক ঝুঁকি গ্রহণ করা যায়

গ মনস্তাত্ত্বিক বৈশিষ্ট্যের সদ্ব্যবহার করা যায়

ঘ পেশাগত অভিজ্ঞতা বৃদ্ধি পায়

২৪. ব্যবসায় উদ্যোগের মাধ্যমে কোনটি অনেকাংশে হ্রাস করা যায়?

ক অশিক্ষা খ পরনির্ভরশীলতা

গ অভাব ঘ সন্ত্রাস

২৫. ব্যবসায়ের ধরন অনুযায়ী এসএমই খাতে সর্বনিম্ন ঋণসীমা কত?

ক ১০ হাজার খ ৫০ হাজার

গ ১ লক্ষ ঘ ৫ লক্ষ

২৬. ব্র্যাকের নিজস্ব ডেইরি ফার্ম ও বিপণন কেন্দ্র কোনটি?

ক পোলার খ আড়ং

গ মিল্ক ভিটা ঘ ঈগলু

২৭. আর্থিক পরিকল্পনা প্রণয়নের সময় কী উল্লেখ করা প্রয়োজন?

ক প্রকল্পের চলতি পুঁজি

খ প্রকল্পের নগদান প্রবাহ

গ প্রকল্পের মোট চলতি সম্পদ

ঘ নিট চলতি পুঁজি

২৮. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠনের মধ্যে মিল খুঁজে পাওয়া যায় কোনটিতে?

ক আইনগত বাধ্যবাধকতায়

খ পরিচালনায়

গ বিলোপসাধনে

ঘ উদ্দেশ্যে

২৯. ট্রেড লাইসেন্স সংগ্রহ করতে হবে—

i. সিটি কর্পোরেশন থেকে

ii. পৌরসভা থেকে

iii. হাউজ বিল্ডিং কর্তৃপক্ষ থেকে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii

গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. কোনটি একমালিকানা ব্যবসায়ের উপযুক্ত ক্ষেত্র?

ক রেস্টুরেন্ট খ পাঁচ তারকা হোটেল

গ কয়লা উত্তোলন ঘ ইস্পাত তৈরি

http://bdloan24.net/

উত্তর																														
	১	গ	২	ঘ	৩	খ	৪	খ	৫	ক	৬	গ	৭	খ	৮	ক	৯	ক	১০	ক	১১	ক	১২	ঘ	১৩	খ	১৪	গ	১৫	খ
	১৬	ঘ	১৭	ঘ	১৮	ক	১৯	খ	২০	গ	২১	খ	২২	ঘ	২৩	ঘ	২৪	খ	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	ঘ	২৯	ক	৩০	ক